

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২৮/০৪/২০১৯ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ জাতীয় জাদুঘরে ‘বহুমাত্রিক হুমায়ুন আজাদ ও তাঁর কবিতা’  
শীর্ষক সেমিনার আয়োজন

বাংলাদেশ জাতীয় জাদুঘর আগামী ২৯ এপ্রিল ২০১৯, সোমবার বিকাল ৪.০০ টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে বহুমাত্রিক হুমায়ুন আজাদ ও তাঁর কবিতা শীর্ষক সেমিনারের আয়োজন করেছে।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন বিশিষ্ট গবেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকবেন কবিকন্যা জনাব মৌলি আজাদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণসংযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক রুবাইয়াৎ ফেরদৌস, অধ্যাপক শফিউল আলম এবং বিশিষ্ট কবি ও শিক্ষাবিদ অধ্যাপক ড. হায়াৎ মামুদ। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান।

সেমিনারের সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার  
কীপার, জনশিক্ষা বিভাগ  
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

-----

ঢাকা